



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

**BCS General Education Association**

শিক্ষাবিদ ইনসিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: [bcsgea1618@gmail.com](mailto:bcsgea1618@gmail.com)  
ওয়েবসাইট: [www.bcsgea.org.bd](http://www.bcsgea.org.bd) ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৩০৫৪ (মহাসচিব)

স্মারক নম্বর: বিসিএসসাশিস/২০২৩/৫০

তারিখ: ২৩.১১.২০২৩

**বিষয়: জাতীয় ও স্থানীয় নির্বাচনে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সিনিয়রিটি সংরক্ষণ।**

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছ যে, বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের প্রায় ষোল হাজার কর্মকর্তা দেশের উন্নয়নের লক্ষ্যে যোগ্যতা ও দক্ষতার সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারি কর্মচারী হিসেবে আমরা যেমন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সংবিধানের প্রতি অনুগত তেমনি সাংবিধানিক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ নির্বাচন কমিশনের প্রতিও শ্রদ্ধাশীল। আমরা জানি বর্তমান নির্বাচন কমিশন গণতান্ত্রিক সরকারের অধীনে স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করে যাচ্ছে। সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে বাংলাদেশ নির্বাচন কমিশনের প্রতিশ্রুতি রক্ষায় বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জাতীয় ও স্থানীয় নির্বাচনে বিভিন্ন দণ্ডের জুনিয়র গ্রেডের কর্মকর্তাদের সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া হচ্ছে এবং ঐ সকল জুনিয়র কর্মকর্তা সিনিয়র কর্মকর্তাদের প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য নিয়োগ প্রদান করছেন যা অসমীচীন এবং সিনিয়র কর্মকর্তাদের জন্য বিব্রতকর ও অসম্মানজনক। এর ফলে সার্ভিসে চেইন অব কমান্ড ক্ষতিগ্রস্ত হচ্ছে। এমন দায়িত্ব প্রদান নিয়ে কোথাও কোথাও বাকবিতওঞ্চা এবং অনাকাঙ্খিত ঘটনার সৃষ্টি হয়েছে। যথাযথ সম্মান ও মর্যাদা নিশ্চিত না থাকায় যোগ্য ও দক্ষ কর্মকর্তারা মানসিক চাপ নিয়ে নির্বাচনী দ্বায়িত্ব পালন করতে বাধ্য হচ্ছেন, যা স্পর্শকাতর পরিস্থিতিতে নির্বাচনী দ্বায়িত্ব পালনের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ। বিষয়টি অবগত করে ইতোপূর্বে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির পক্ষ থেকে আপনার দণ্ডের পত্র দেয়া হয়েছিল এবং সম্মানিত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন মহোদয়ের সাথে সাক্ষাত করা হয়েছে।

এমতাস্থায় নির্বাচনী দ্বায়িত্ব প্রদানের ক্ষেত্রে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাগনকে জুনিয়র গ্রেডের বা নন-ক্যাডার কোনো কর্মকর্তার অধীনে দায়িত্ব প্রদান না করার নির্দেশনাসহ বিষয়টির সুন্দর ও গ্রহণযোগ্য সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

জয়বাংলা

বাংলাদেশ চিরজীবী হোক।

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী  
সভাপতি

মোঃ শওকত হোসেন মোল্ল্যা  
মহাসচিব

আপক,  
প্রধান নির্বাচন কমিশনার  
বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়।

- অন্তিমিপি:
- ১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়।
  - ২। রিটার্নিং অফিসার (সকল), জাতীয় সংসদ নির্বাচন, ২০২৪।
  - ৩। জেলা নির্বাচন কর্মকর্তা (সকল)।